



শিরীন শারমিন



ফজলে রাস্কী মিয়া

স্পিকার শিরীন শারমিন ডেপুটি ফজলে রাস্কী

যুগান্তর রিপোর্ট

দশম জাতীয় সংসদের স্পিকার মনোনীত হয়েছেন ড. শিরীন শারমিন চৌধুরী। এ নিয়ে টানা তিনটি দফা সংসদে স্পিকারের দায়িত্ব পালন করবেন তিনি। এছাড়াও ডেপুটি স্পিকার মনোনীত হয়েছেন প্রবীণ রাজনীতিক অ্যাডভোকেট ফজলে রাস্কী মিয়া। সেই সঙ্গে দেশের প্রবীণ নেত্রী সৈয়দা সাজেদা চৌধুরীকে স্পিকার : পৃষ্ঠা ১৪ : কলাম ৭

স্পিকার : শারমিন

(১ম পৃষ্ঠার পর)

সংসদ উপনেতা মনোনীত করছে কমতাসীন আওয়ামী লীগ। সাজেদা চৌধুরীও টানা তিনটি দফার মতো এ দায়িত্ব পোষেন। মঙ্গলবার আওয়ামী লীগের পার্লামেন্টারি পার্টির বৈঠকে এ সিদ্ধান্ত হয়। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনার সভাপতিত্বে সভা সাড়ে ৬টায়ে পার্লামেন্টারি পার্টির বৈঠক শুরু হয়। জাতীয় সংসদ ভবনে সরকারি দলের সভা ক্ষেত্র অনুষ্ঠিত বৈঠকের শুরুতে স্পিকার, ডেপুটি স্পিকার ও সংসদের উপনেতা মনোনীত করা হয়। এরপর অন্যান্য বিষয়ে আলোচনা করেন কমতাসীন দলটির শীর্ষ নেতা ও সংসদ সদস্যরা। বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে চিফ হুইচ আ স ম ফিরোজ জানান, নতুন সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, ডেপুটি স্পিকার অ্যাডভোকেট ফজলে রাস্কী মিয়া ও সংসদ উপনেতা মনোনীত হয়েছেন সৈয়দা সাজেদা চৌধুরী। এদিকে একটি খুঁজ জানিয়েছে, বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে দলের প্রার্থী নির্বাচনে সংসদ সদস্যরা যাতে প্রভাব বিস্তার না করেন সে ব্যাপারে সতর্ক করে দেন। তিনি যোগ্য প্রার্থী মনোনয়নের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া এবার যারা বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন তাদের জাগাধী নির্বাচনী দড়িয়ে জয়ী হওয়ার লক্ষ্যে কাজ করার পরামর্শ দেন। বৈঠকে দুর্নীতির বিরুদ্ধেও কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, কেউ দুর্নীতি করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

গেজেট প্রকাশ : রংপুর-৬ আসনের উপ-নির্বাচনে একক প্রার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ও জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে নির্বাচিত ঘোষণার পর গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। মঙ্গলবার বিকালে গেজেট প্রকাশের পর সংসদ সচিবালয়ে গেজেটের কপি পাঠানো হয়। আহ তার শপথ নেয়ার কথা। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ছেড় দেয়া রংপুর-৬ (পীরগঞ্জ) আসনে উপনির্বাচনে জয়ী হবেন শিরীন শারমিন চৌধুরী। একমাত্র প্রার্থীর মনোনয়নপত্র ফাচাই-বাছাইয়ে বৈধ হওয়ায় রংপুরের জেলা প্রশাসক রিটার্নিং কর্মকর্তা ফরিদ আহমেদ মঙ্গলবার সকালে ওই আসনের উপ-নির্বাচনে শিরীন শারমিনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করেন। একক প্রার্থী হওয়ায় গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ অনুযায়ী মঙ্গলবার শিরীন শারমিন চৌধুরীকে জয়ী ঘোষণা করা হয়।

কলকেন্দ্রিক থাকুন : বাসস জানায়, প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা দায়িত্ব পালনকালে অনিয়ম, দুর্নীতি ও স্বজনপ্রীতিক প্রচুর না দিতে তার দেশের নবনির্বাচিত সংসদ সদস্যদের কঠোরভাবে হুঁশিয়ার করে দিয়েছেন। তিনি সংসদ সদস্যদের বলেন, আপনাদের কলকেন্দ্রিক থাকতে হবে এবং কর্মকাণ্ডে সততা বজায় রাখতে হবে। মঙ্গলবার সন্ধ্যায় জাতীয় সংসদ ভবনে কমতাসীন দলের সভা ক্ষেত্র আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় জাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সভা শেষে জাতীয় সংসদের চিফ হুইচ আ স ম ফিরোজ বিভিন্ন সেক্টরে সাংবাদিকদের এ ব্যাপারে অবহিত করেন। প্রধানমন্ত্রী আসন্ন উপজেলা নির্বাচনে সতর্ক করার জন্য কমতাসীন দলের এমপিসদের নির্দেশ দেন।